

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১৪৭৯

আগরতলা, ৪ অক্টোবর, ২০২৪

প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ

"জিবির ট্রমা সেন্টারের চিকিৎসা পরিকাঠামোর চরম অব্যবস্থা", এই শিরোনামে গত ৬ সেপ্টেম্বর ২০২৪ দৈনিক সংবাদ পত্রিকায় প্রকাশিত সংবাদ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের পক্ষ থেকে প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ দিয়ে জানানো যাচ্ছে যে প্রকাশিত সংবাদ সঠিক নয়। প্রকৃত তথ্য হল, ২০১৫ সালে জিবিপি হাসপাতালে ট্রমা কেয়ার সেন্টারটির উদ্বোধন হয় এবং ১২ ডিসেম্বর ২০১৭ ২৭ শয্যা বিশিষ্ট ট্রমা কেয়ার সেন্টার চালু হয়। দু'বছর পূর্বে এখানে ভেন্টিলেটর এবং ইনটিউবেশন পরিষেবা শুরু হয়। উল্লেখ্য সিটি স্ক্যান পরিষেবা ২৪x৭ সারা বছর জুড়ে ট্রমা কেয়ার সেন্টারের জন্য চালু রয়েছে। এমআরআই পরিষেবা রাত ১০টা পর্যন্ত চালু রয়েছে। ট্রমা কেয়ার সেন্টারে চিকিৎসাধীন রোগীদের মধ্যে যারা উপযুক্ত তাদের আয়ুষ্মান ভারত রোগী কল্যাণের মাধ্যমে বিনামূল্যে ওষুধ দেওয়া হয়। ট্রমা কেয়ার সেন্টারে জরুরী সময়কালে অর্থোপেডিক্স পরিষেবা পাওয়া যায়। চক্ষু, নাক-কান-গলা, নিউরোসার্জারি ও ডেন্টালের ক্ষেত্রে চিকিৎসকরা স্ব-স্ব বিভাগে পরিষেবা প্রদান করেন। প্রয়োজনের ভিত্তিতে অনকলে এই পরিষেবাগুলো ট্রমা কেয়ার সেন্টারে পাওয়া যায়।
